



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নং-৩৬.০৫.০০০০.০০১.০০.৮৫৭(অংশ-১).১৬ / ৫২৬ -

তারিখ: -০১-২০২০ খ্রিঃ

সচিব

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-১০০০।

{দৃষ্টি আকর্ষণ : যুগ্ম-সচিব (প্রওম)}।

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন।

সূত্র: শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.০০.০০০০.০৫১.২৭.০০৫.১৭.২০২, তারিখ : ০৩-০৮-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে অত্র প্রতিষ্ঠানের ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন নির্ধারিত ছকে প্রণয়নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামত ১ পাতা।

Muhammad Hossain
06.07.2020

(মোঃ মুয়াজ্জেম হোসাইন)

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন : ৮৮৭০২৭৫

অনুলিপি :

আইসিটি সেল, বিএসটিআই, ঢাকা।

ofc
০৭/০৭/২০২০

জারী
০২/০৭/২০

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) মাসিক প্রতিবেদন।

মাসের নাম: ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	পূর্বে র জের	মোট অ অভিযোগ (৩+৪)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য (%) সহ
পত্র/ দরখাস্ত যোগে	অনলাইনে/ টেলিফোনে							
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
৭	১	৮	৬	১৪	৯	কপি সংযুক্ত (পরিশিষ্ট-ক)	৫	

Arshad
০৭/১২/২০২০

(মোঃ রিয়াজুল হক)

উপ-পরিচালক (সিএম)

ও

GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা

পরিশিষ্ট-ক

- ১। ম্যারিকো বাংলাদেশ লিঃ, ঢাকা থেকে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে কেরানীগঞ্জ ও পুরান ঢাকায় অভিযান পরিচালনা করে ১ (এক) ট্রাক নকল প্যারাসুট ও কুমরিকা ব্রান্ডের হেয়ার অয়েল এবং খালি বোতল জব্দ করে ঢাকা উত্তর সিটি করপোরেশনের ডাম্পিং স্পটে ধ্বংস করা হয় এবং অভিযুক্ত রবিনকে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা জরিমানা করা হয়।
- ২। এম এফ কনজুমার্স লিঃ, ঢাকা থেকে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে পুরান ঢাকায় অভিযান পরিচালনা করে ১ (এক) ট্রাক নকল জনসন এন্ড জনসন ব্রান্ডের বেবি কসমেটিকসসহ নামিদামী ব্রান্ডের খালি কনটেইনার জব্দ করে ঢাকা উত্তর সিটি করপোরেশনের ডাম্পিং স্পটে ধ্বংস করা হয় এবং নকল পণ্য তৈরি করার অপরাধে ১ জনকে ৩ মাসের কারাদণ্ড প্রদান করা হয়।
- ৩। পশ্চিম গোলাপবাগ, ডেমরা, ঢাকা থেকে সাধারিনা ড্রিংকিং ওয়াটার কোং নামে একটি পানির ফ্যাক্টরির পানি পান করে অনেকে অসুস্থ হয়ে পড়েছে মর্মে অভিযোগ প্রাপ্তির পর কমিটি গঠন করে তদন্ত করা হয়। অসুস্থতার বিষয়টি সত্য নয়, তবে বিএসটিআই'র অনুমোদন না নিয়ে অবৈধভাবে ড্রিংকিং ওয়াটার বিক্রি-বিতরণ করার প্রমাণ পাওয়ায় প্রতিষ্ঠানটির বিরুদ্ধে মামলা করা হয়েছে।
- ৪। চট্টগ্রাম এর বিভিন্ন বাজারে ভেজাল ভেজিটেবল ঘি ও সস বিক্রি হচ্ছে মর্মে জনাব মোঃ মিজান উদ্দিন, চট্টগ্রাম এর অভিযোগের প্রেক্ষিতে বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম এর মাধ্যমে তদন্ত করে অভিযোগের সত্যতা পাওয়া যায়নি।
- ৫। চট্টগ্রাম এর বিভিন্ন বাজারে ভেজাল হলুদ ও মরিচের গুড়া বিক্রি হচ্ছে মর্মে জনাব মোঃ আনোয়ার হোসেন, চট্টগ্রাম এর অভিযোগের প্রেক্ষিতে বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম এর মাধ্যমে তদন্ত করে অভিযোগের সত্যতা পাওয়া যায়নি।
- ৬। সাকের অটো ব্রিকস, জৈয়ন্তপুর, সিলেট অভিযোগ করেন বিএসটিআই'র কর্মকর্তা পরিচয়ে বিকাশের মাধ্যমে ওজন ও পরিমাপ বিষয়ে টাকা গ্রহণ করেন, বিকাশের নম্বর ০১৭৯১৭৩৯১৮৮, ০১৭১৭৯১৬১৭২। এ বিষয়ে তদন্ত করে দেখা গিয়েছে যে এতে বিএসটিআই'র কর্মকর্তা জড়িত নয়। থানায় মামলা করা হয়েছে এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে অবহিত করে বিকাশে টাকা পরিশোধ না করতে অনুরোধ জানানোসহ বিভিন্ন সচেতনতামূলক কর্মকাণ্ড গ্রহণ করা হয়েছে।
- ৭। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট এর মাধ্যমে জ্বালানি তেলে পরিমাপে কারচুপির অভিযোগ প্রাপ্তির পর ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট ও বিএসটিআই যৌথভাবে অভিযান পরিচালনা করা হয়। পরিমাপে কম দেওয়ার প্রমাণ পাওয়া যায়নি।
- ৮। জনাব আবুল কালাম আজাদ, কদমতলী, ঢাকা থেকে প্রাপ্ত অভিযোগ পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযোগকারী পারফ্যাক্ট স্পেশাল ঘি দ্বারা তৈরিকৃত খাবার নষ্ট হয়ে গিয়েছে, বিষয়টি তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। বিএসটিআই কমিটি করে তদন্ত করেছে, কমিটি কর্তৃক পারফ্যাক্ট গাওয়া ঘি, ৩১/১ যাত্রাবাড়ী অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে কারখানাটির উৎপাদন বন্ধ পাওয়া যায়। বিএসটিআই'র অনুমোদন ব্যতীত ঘি উৎপাদন ও বিক্রি করবে না মর্মে স্ট্যাম্প অঙ্গীকারনামা দিয়েছেন। কারখানাটি নিয়মিত মনিটরিং করা হচ্ছে।
- ৯। মোঃ আব্দুর রহিম, মালিবাগ, ঢাকা থেকে ৩টি প্রতিষ্ঠানের বিষয়ে অবৈধভাবে পানি বাজারজাত করছে মর্মে অভিযোগ করেন। অভিযোগ আমলে নিয়ে তদন্ত করে দেখা যায় যে, অভিযোগকৃত ৩টি প্রতিষ্ঠানের মধ্যে ২টি প্রতিষ্ঠানের লাইসেন্স রয়েছে। সুন্দরবন ড্রিংকিং ওয়াটার, ৩৪১, গুলবাগ, ঢাকা নামীয় অপর একটি প্রতিষ্ঠানের লাইসেন্স না থাকায় মোবাইল কোর্ট পরিচালনাসহ নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

Kamr
৩৭/১/২০২০